

সংখ্যা: ...  
তারিখ: ...

শিক্ষা মন্ত্রণালয় প্রজ্ঞাপন জারি না করায়

নতুন শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন বন্ধ রয়েছে

নিজস্ব ব্যক্তি পরিবেশক শিক্ষা মন্ত্রণালয় প্রজ্ঞাপন জারি না করায় নতুন স্থাপন বন্ধ রয়েছে। সরকারের এই আদেশিক সিদ্ধান্তকে শিক্ষানীতির পরিপন্থী বলে অভিহিত করেছেন শিক্ষার সঙ্গে সংশ্লিষ্ট মহল।

বঙ্গবরের নিয়মানুযায়ী শিক্ষানুরাগী কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কোথাও স্থাপন করে বা কোন শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠার উদ্যোগ নিয়ে সরকার তাদের স্বাগত জানায়। এজন্য প্রয়োজনীয় সুযোগ-সুবিধা

ও সহযোগিতা সরকার দিয়ে থাকে শিক্ষা মন্ত্রণালয় এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক সংশ্লিষ্ট পর্তাবলি পূরণ করেছে কিনা তা যাচাই করে। এতদসঙ্গে মথো রয়েছে শিক্ষা প্রতিষ্ঠানের জন্য জমি, জৌত অবকাঠামো, খেলার মাঠ প্রকৃতি প্রয়োজনীয় নর্ত পূরণ করা হলে শিক্ষা প্রতিষ্ঠান খোলার ব্যাপারে কোন আপত্তি করে না।

নিয়মানুযায়ী শিক্ষা মন্ত্রণালয় থেকেই প্রতি বছর একটি প্রজ্ঞাপন জারি করা হয়। এই প্রজ্ঞাপনে তারা অগ্রাধী ব্যক্তি বা প্রতিষ্ঠানকে আহ্বান জানায় নতুন শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠার জন্য। এছাড়া প্রতি বছর ফেব্রুয়ারি মাসের মধ্যেই নির্ধারিত ফরম পূরণ করার জন্য অগ্রাধী ব্যক্তি বা প্রতিষ্ঠানকে তাগিদ দেয়া হয়ে থাকে।

কিন্তু চলতি বছরে এ সংক্রান্ত কোন বিজ্ঞাপন বা প্রজ্ঞাপন সরকার জারি করেনি। অগ্রাধী ব্যক্তি বা প্রতিষ্ঠান এ বিষয়ে খোঁজ নিতে গিয়ে দেখে এ ধরনের প্রজ্ঞাপন নেই।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক অধ্যাপক ড. আবদুল হান্নানের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশক্রমে তারা নতুন শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠার উদ্যোগ বন্ধ রেখেছেন। শিক্ষা মন্ত্রণালয় অবশ্য এ ব্যাপারে কোন ব্যাখ্যা দেয়নি।

শিক্ষা মন্ত্রণালয়  
০০/০০